

# নিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে ২০০০ সন থেকে কমিউনিটি চালিত উন্নয়ন প্রক্রিয়ার মাধ্যমে গ্রামীণ দারিদ্র্য বিমোচনে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" নামক একটি ৫ বছর মেয়াদী প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্পের ১, ২ এবং ৪ নং কম্পোনেন্ট তিনটি মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে এবং কম্পোনেন্ট-৩ এসডিএফ কর্তৃক বাস্তবায়িত হবে। এসডিএফ "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" এর কম্পোনেন্ট-৩ অর্থাৎ "কমিউনিটি এমপাওয়ারমেন্ট অ্যান্ড লাইভলিভডস" -এর আওতায় উপকূলীয় জেলাসমূহের নির্বাচিত গ্রামে প্রকল্পভুক্ত কর্মকাণ্ড কমিউনিটি চালিত উন্নয়ন (সিডিডি) প্রক্রিয়া অনুসরণে বাস্তবায়ন করবে। "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" এর কম্পোনেন্ট-৩ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে লোক নিয়োগকল্পে সৎ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং (১)	পদের নাম (২)	শিক্ষাগত যোগ্যতা ও বয়স (৩)	অভিজ্ঞতা (সংক্ষিপ্ত) (৪)
০১	স্পেশালিস্ট, ফাইন্যাঙ্ক	হিসাব বিজ্ঞান /ফাইন্যাঙ্ক অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	অর্থ ব্যবস্থাপক পদে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত গ্রামীণ উন্নয়ন/সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে অর্থ ব্যবস্থাপনায় ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
০২	স্পেশালিস্ট, ফিসারিজ অ্যান্ড লাইভলিভডস	মৎস্য/ কৃষি অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি/ দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে মৎস্যজীবী সম্প্রদায়ের জীবিকা উন্নয়ন কার্যক্রমে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	স্পেশালিস্ট, টেকনিক্যাল অ্যান্ড এনভায়রনমেন্ট	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	অবকাঠামো উন্নয়ন কার্যক্রমে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি/ দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে সিডিডি এ্যাপ্রোচে গ্রামীণ ক্ষেত্রে অবকাঠামো উন্নয়ন কার্যক্রমে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	স্পেশালিস্ট, মনিটরিং	সমাজ বিজ্ঞান/কৃষি/মৎস্য/ সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।	সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি/ দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে মনিটরিং কার্যক্রমে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
০৫	জুনিয়র অফিসার	এমবিএ/ হিসাব বিজ্ঞান /ফাইন্যাঙ্ক অথবা যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪০ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৬	অফিস এটেনডেন্ট	ন্যূনতম এস.এস.সি পাস। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৭	পিওন/ গার্ড	ন্যূনতম এস.এস.সি পাস। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৮	ক্লিনার	ন্যূনতম অষ্টম শ্রেণী পাস। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।	

#### অন্যান্য শর্তাবলী :

- আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (CV)-সহ সকল সার্টিফিকেটের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সম্পত্তি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- বিভিন্ন পদের TOR সহ বিস্তারিত তথ্য এসডিএফ-এর web-site এ দেয়া আছে। এ সংক্রান্ত তথ্য জানার জন্য [www.sdfbd.org](http://www.sdfbd.org) -এই web-site টি visit করুন।
- খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করে আগ্রহী প্রার্থীকে আগামী ২৮/০২/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), ২২/২২, খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে জমা প্রদান নিশ্চিত করতে হবে।
- বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- এসডিএফ-এ কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারির আবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করতে হবে।
- প্রাথমিক বাছাই-এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপর্যুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী অগ্রাধিকার প্রদান করা হবে।
- কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা পরীক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবেন না।

(এ. জেড. এম. সাখাওয়াত হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।